

স্বাধীন

তারিখ ... ২৬/১/৪৫  
পৃষ্ঠা ... ৫/৬

069

**স্কুলসমূহে সাপ্তাহিক বন্ধ**

**একদিন করা হোক**

দেশের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় সমূহে বর্তমানে সরকারী অফিসের মত দুই দিন ছুটি বলবৎ রয়েছে। বর্তমানে প্রথম হতে দশম শ্রেণী পর্যন্ত প্রত্যেক শ্রেণীতে নতুন ধরনের পাঠক্রম অনুযায়ী ই অনুমোদন করা হয়েছে। প্রত্যেক শ্রেণীতে বিশেষ করে নবম দশম শ্রেণীতে বর্তমানের পাঠক্রমে পূর্বে চেয়ে বেশী সিলেবাস রাখা হয়েছে। বর্তমানে দুই দিন ছুটি চালু থাকায় যথাসময়ে সিলেবাস স্কুলে শেষ করা সম্ভব নাও হতে পারে। স্কুলে সিলেবাস শেষ নাহলে অনেক গরীব ছাত্র যারা প্রাইভেট পড়ার সুযোগ থেকে বঞ্চিত তাদের পক্ষে খুব অসুবিধাজনক হবে। অন্যান্য অফিসসমূহের মত স্কুলসমূহে ৯টা-৫টা ক্লাস নেয়া সম্ভব নহে। গ্রামাঞ্চলে অনেক স্কুলে অনেক সময় বহুস্পতিবারে অর্ধেক ক্লাসের পর ছুটি দেওয়া হয়। গ্রীষ্মকালীন ছুটি, রমজানের ছুটি ও অন্যান্য ছুটি এবং বিভিন্ন পরীক্ষার ব্যাপারে ছুটির জন্য হাতে গনা কয়েকদিনই মাত্র স্কুলে ভালভাবে ক্লাস হয়। তাই ছাত্রদের অনেক অসুবিধা হয় উপরোক্ত কারণসমূহের পরিপ্রেক্ষিতে যথাযথ কত পক্ষের নিকট আবেদন, ছাত্রদের সুবিধার্থে স্কুলসমূহের সাপ্তাহিক ছুটি যেন একদিন করা হয়।

শঙ্কর দাস,  
৩৪৬ নং কমার্শ কলেজ  
হোটেল, চট্টগ্রাম।